


<p>ফলদ ঔষধি ও বনজ বৃক্ষরোপণ নিয়ে আলোচনা।</p>	<p>বর্তমানে আড়াই হাজার উপজেলা পরিষদ অনেক সুন্দর ভাবে সাজানো হয়েছে। প্রচুর ফল ও বৃক্ষ রোপনের চাহিদা আছে। অনেক সবজি আবাদ হয় উৎপাদিত সবজি যা এলাকার চাহিদা মিটিয়ে বিভিন্ন দেশে সরবরাহ করা হয়। উত্তম কৃষি ব্যবস্থাপনার মাধ্যমে খাদ্য নিরাপত্তার জন্য পরিবেশবান্ধব ও বিষমুক্ত সবজি উৎপাদন কৌশলের জন্য আড়াই হাজার উপজেলায় কৃষকদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা যেত এবং স্বাস্থ্যসম্মত ও পরিবেশ বান্ধব সবজি উৎপাদনে এক নতুন দিগন্ত উন্মোচিত হতো।</p>	<p>বিষমুক্ত ফসল উৎপাদন এখন সময়ের দাবি তা বাস্তবায়নের জন্য আড়াইহাজার উপজেলায় ১০০০ জন কৃষককে এডিবি খাতের বরাদ্দ হতে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনের ব্যবস্থা নিতে উপজেলা পরিষদ, আড়াইহাজার কে অনুরোধ করা হয়। এ জন্য উপজেলা পরিষদ বরাবর প্রস্তাবনা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>আড়াইহাজার, নারায়ণগঞ্জ</p>
<p>বিভিন্ন প্রকল্পের অধীনে বাস্তবায়িত প্রদর্শনী প্রশিক্ষণ মার দিবস ও উদ্বুদ্ধকরণ ভ্রমণ বিষয়ে আলোচনা।</p>	<p>বর্তমান খরিপ মৌসুমে আড়াই হাজার উপজেলা বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনী প্রশিক্ষণ মার দিবস উদ্বুদ্ধকরণ ভ্রমণ বরাদ্দ এসেছে।</p>	<p>বিভিন্ন প্রকল্পের ও দিন স্থাপিত প্রদর্শনী কৃষক মাঠে ফুল নিয়ম মোতাবেক বাস্তবায়ন করা এবং কৃষকদেরকে এসবের সুফল অবহিত করা এবং মাত দিবসের স্থানীয় জনপ্রতিনিধিদের অংশগ্রহণের ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।</p>	<p>উপজেলা কৃষি অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ</p>
<p>বিভিন্ন ধরনের রাসায়নিক সারের বরাদ্দ উত্তোলন মজুদ ও মূল্য পরিস্থিতি বিষয়ে আলোচনা।</p>	<p>বর্তমান খরিপ মৌসুমে নিবিড় ফসল উৎপাদন কর্মসূচির সঠিক বাস্তবায়নের জন্য পর্যাপ্ত পরিমাণ রাসায়নিক সার বরাদ্দ ও মজুদ রহিয়াছে খোলা বাজারের রাসায়নিক সারের কোন অভাব বা ঘাটতি নাই বাজার মূল্য সরকার নির্ধারিত মূল্যের মধ্যে বিদ্যমান আছে।</p>	<p>বিভিন্ন ধরনের রাসায়নিক সারের বরাদ্দ উত্তোলন মজুদ পরিস্থিতি ও বাজার মূল্য সঠিক রাখার ব্যাপারে মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হলো কৃষক গণ্ডি যাতে তাদের চাহিদা মোতাবেক সার প্রাপ্তিতে কোন হয়রানির শিকার না হয় সে ব্যাপারে সকলের দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো।</p>	<p>উপজেলা কৃষি অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ</p>

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ রফিকুল ইসলাম)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।